ভোরের কাগজ

তারিখ 03 DEC 2002
পৃষ্ঠা ৮ কলাম ৩

### স্কুল শিশুদের কল্যাণে নেসলে বাংলাদেশ

# সাহায্য প্রার্থী স্কুলগুলোকে চেক প্রদান

নেসলে বাংলাদেশ গতকাল সোমবার নেসলে হেড অফিসে একটি অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে নির্বাচনের মাধ্যমে সাহায্যপ্রার্থী স্কুলগুলোকে চেক প্রদান করে। এই অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে মাসব্যাপী নেসলের দুস্থ, অসহায় শিশুদের জন্য উন্নয়ন কর্মকাণ্ড শেষ হয়। এই অনুষ্ঠানের মাধ্যমে স্কুলগুলোর সাহায্যের জন্য নেসলে সামগ্রী বিপণন করা হয়। শেষ দিন নেসলের পক্ষ থেকে দুই লাখ টাকা সারা দেশের ৪টি স্কুলে ভাগ করে দেওয়া হয়। স্কুলগুলো হলো- গণকচালা প্রাইমারি স্কুল, ডিইউএস, হিন্দু পল্লী প্রাইমারি স্কুল, ঘরোনি এবং শিশু বিকাশ কেন্দ্র।

অনুষ্ঠানে মিঃ কার্লো সিফিয়েলো, ম্যানেজিং ডিরেক্টর, নেসলে বাংলাদেশ লিমিটেড, আশা ব্যক্ত করেন যে, 'আজকে যে শিশুদেরকে নেসলে সাহায্য করলো তারা একদিন বাংলাদেশের মুখ উজ্জ্বল করবে।' তিনি আরো বলেন যে, নেসলে তার সামাজিক দায়িত্ববোধ থেকে এই ধরনের সাহায্য সহযোগিতা করে থাকে।

এম জুলফিকার হোসাইন, হেড অফ হিউম্যান রিসোর্সেস তার ভাষণে দুস্থ শিশুদের শিক্ষার প্রয়োজনীয়তা এবং নেসলের সহযোগিতার কথা ব্যক্ত করেন। এই সমস্ত স্কুলগুলো থেকে নির্বাচিত ব্যক্তি নেসলেকে তার পদক্ষেপের জন্য প্রশংসা করেন। একজন স্কুল ছাত্র তার বর্তমান এবং ভবিষ্যৎ স্বপ্ন সম্পর্কে একটি হৃদয়গ্রাহী বক্তব্য রাখেন।

রুমানা হাফিজ, ব্র্যান্ড এক্সিকিউটিভ এই পরিকল্পনা বাস্তবায়নে সাহায্যকারী সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিজ্ঞপ্তি।




*নেসলে হেড অফিসে এক অনুষ্ঠানে সাহায্যপ্রার্থী স্কুলগুলোকে চেক প্রদান অনুষ্ঠানে স্কুলগুলোর প্রতিনিধিদের সঙ্গে নেসলে বাংলাদেশ লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর কার্লো সিফিয়েলো*